(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর,
আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

**স্মারক নম্বর:** ১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৫.২২.৪২৭

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৯ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: **'ফিফা ওয়ার্ল্ড কাপ ২০২৬ এবং এএফসি এশিয়ান কাপ সৌদি আরব ২০২৭' এর প্রিলিমিনারি জয়েন্ট কোয়ালিফিকেশন রাউন্ড-২ এর ০৩টি ফুটবল খেলার চলতি ধারাবিবরণী সরাসরি সম্প্রচার।.**

সূত্র: বাণিজ্যিক কার্যক্রমের ১৫-১১-২০২৩ তারিখের পত্র নম্বর-১৫.৫৩.০০০০.১১৪.৫৭.০৫৪.২৩.৪৩৯

ফিফা ওয়ার্ল্ড কাপ ২০২৬ এবং এএফসি এশিয়ান কাপ সৌদি আরব ২০২৭ এর প্রিলিমিনারি জয়েন্ট কোয়ালিফিকেশন রাউন্ড-২ এর ০৩টি ফুটবল খেলার চলতি ধারাবিবরণী বিটিসিএল লাইন/CODEC/DSNG ভ্যান এর মাধ্যমে বাংলাদেশ বেতার থেকে নিম্নে বর্ণিত তারিখ, সময় ও ফ্রিকোয়েন্সি অনুযায়ী সরাসরি সম্প্রচার হবে।

| নং | তারিখ ও বার | দল | সময় | ভেন্যু | ফ্রিকোয়েন্সি |
|---|---|---|---|---|---|
| ১. | ২১-১১-২০২৩ মঙ্গলবার | বাংলাদেশ জাতীয় ফুটবল দল বনাম লেবানন জাতীয় ফুটবল দল | বিকাল ৩:৩০ মি. | বসুন্ধরা কিংস এরিনা, বসুন্ধরা, ঢাকা | বাণিজ্যিক কার্যক্রম এফএম ১০৪ মেগাহার্জ, এফএম ৯০মেগাহার্জ এবং **ওয়েবসাইট** www.betar.gov.bd ও মোবাইল অ্যাপ: Bangladesh Betar থেকে সরাসরি সম্প্রচার হবে। |
| ২. | ২৬-০৩-২০২৪ মঙ্গলবার | বাংলাদেশ জাতীয় ফুটবল দল বনাম ফিলিস্তিন জাতীয় ফুটবল দল | বিকাল ৩:০০ মি. | বসুন্ধরা কিংস এরিনা, বসুন্ধরা, ঢাকা | বাণিজ্যিক কার্যক্রম মধ্যম তরঙ্গ ৬৩০ কিলোহার্জ এবং **ওয়েবসাইট** www.betar.gov.bd ও মোবাইল অ্যাপ: Bangladesh Betar থেকে সরাসরি সম্প্রচার হবে। |
| ৩. | ০৬-০৬-২০২৪ বৃহস্পতিবার | বাংলাদেশ জাতীয় ফুটবল দল বনাম অস্ট্রেলিয়া জাতীয় ফুটবল দল | বিকাল ৩:৩০ মি. | বসুন্ধরা কিংস এরিনা, বসুন্ধরা, ঢাকা | বাণিজ্যিক কার্যক্রম এফএম ১০৪ মেগাহার্জ, এফএম ৯০মেগাহার্জ এবং **ওয়েবসাইট** www.betar.gov.bd ও মোবাইল অ্যাপ: Bangladesh Betar থেকে সরাসরি সম্প্রচার হবে। |

২। খেলার সময়সূচিতে কোনরূপ পরিবর্তন/বাতিল হলে পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম বাংলাদেশ ফুটবল ফেডারেশ এর সাথে যোগাযোগপূর্বক যথাসময়ে খেলা প্রচার নিশ্চিত করবেন এবং তিনি বা তাঁর প্রতিনিধি সময়সূচি পরিবর্তন/ বাতিল এর বিষয়ে সিনিয়র প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকাকে তাৎক্ষণিকভাবে অবহিত করবেন।

৩। খেলার ধারাবিবরণী সম্প্রচার সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে খেলা শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে খেলা প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে। উল্লেখ্য উক্ত খেলা চলাকালীন বাণিজ্যিক কার্যক্রমের মধ্যম তরঙ্গ ৬৩০ কিলোহার্জের পূ্র্বনির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে। তবে খেলার ধারাবিবরণী সম্প্রচার কালীন বাণিজ্যিক কার্যক্রম থেকে যথারীতি আযান প্রচার হবে।

৪। খেলার ধারাবিবরণী সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকা ও আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকা প্রকৌশলগত বিষয়ে প্রয়োজনীয় লোকবল ও সমন্বয়সহ যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন। এবং উল্লিখিত ফ্রিকোয়েন্সি থেকে খেলা সুষ্ঠুভাবে প্রচার হচ্ছে কিনা-তা মনিটর করবেন।

৫। খেলার ধারাবিবরণী সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বসুন্ধরা কিংস এরিনা, ঢাকায় দুইটি (০২) টেলিফোন লাইন ((ক্যাজুয়াল) সংযোগ স্থাপনের ব্যবস্থা গ্রহণ করবেন। টেলিফোন সংযোগের ব্যয় সংশ্লিষ্ট পরিচালকের খাত থেকে নির্বাহ করবেন।

৬। খেলা সম্প্রচারে সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা একজন উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী পরিচালক (অনুষ্ঠান)-কে সুনির্দিষ্ট দায়িত্ব প্রদানসহ বাণিজ্যিক কার্যক্রমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদান করবেন।

৭। খেলা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী-ধারাভাষ্যকারদের খেলা শুরুর ১(এক) ঘন্টা পূর্বে ভেন্যুতে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৮। খেলার ধারাবিবরণী জনপ্রিয় করার লক্ষ্যে পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম নিজস্ব ফ্রিকোয়েন্সি উল্লেখপূর্বক প্রমো/ঘোষণা নিজস্ব চ্যানেলে এবং ফেসবুক পেইজে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।

৯। পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম খেলার ধারাবিবরণী ম্যাচ ভেন্যু থেকে সুষ্ঠুভাবে সম্প্রচারের লক্ষ্যে ধারাভাষ্যকার-লোকবল বুকিং, টিএ/ডিএ প্রদান, ম্যাচ প্রচারের সঙ্গে সম্পর্কিত কর্মকর্তা-ধারাভাষ্যকারদের ভেন্যু পাশ সংগ্রহসহ খেলা প্রচারের সাথে সম্পর্কিত সংস্থা, সিনিয়র প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকা এবং সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক/ প্রকৌশলীগণের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগসহ প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়াও পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম টুর্নামেন্টের প্রতিটি ম্যাচ সার্বক্ষণিক তত্ত্বাবধানপূর্বক মনিটরিং রিপোর্ট ও প্রচার প্রতিবেদন (সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সিসমূহের) সাপ্তাহিক ভিত্তিতে এবং পরিচালক, বাণিজ্যিক কার্যক্রমকে উল্লিখিত টুর্নামেন্ট থেকে বিজ্ঞাপন আয়ের তথ্যাদি ও টুর্নামেন্টের ম্যাচসমূহের প্রচার প্রতিবেদন সদর দপ্তরের অনুষ্ঠান শাখায় টুর্নামেন্ট শেষ হবার ১ (এক) সপ্তাহের মধ্য প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

১০। উল্লিখিত খেলার ধারাবিবরণী যথাযথভাবে সম্প্রচারের জন্য পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম, সিনিয়র প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকার নিকট পূর্বাহ্ণে খেলা/বিজ্ঞাপনের কিউশিট সরবরাহ নিশ্চিত করবেন।

১১। উল্লিখিত ফুটবল টুর্নামেন্টের ওপর নিয়মিত প্রতিবেদন জাতীয় ও স্থানীয় সংবাদে প্রচারের জন্য যথাক্রমে পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা ঢাকা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১২। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৩। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২৪-০৩-২০২৪
মোঃ ছালাহ উদ্দিন
অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান) ফোন:
০২-৪৪৮১৩০৬৭
adgprogramme@gmail.com


পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।

**স্মারক নম্বর:** ১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৫.২২.৪২৭/১ (১২)

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৯ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা)/ প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ) ঢাকা;

২। পরিচালক/সিনিয়র প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকা/জাতীয় বেতার ভবন, আগারগাঁও ঢাকা;

৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী/সিনিয়র প্রকৌশলী, মহাশক্তি প্রেরণ কেন্দ্র বাংলাদেশ বেতার ধামরাই/গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);

৪। আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১ ও ২ সাভার, ঢাকা;

৫। পরিচালক, বাংলাদেশ বেতার, বাণিজ্যিক কার্যক্রম/লিয়াজোঁ/কেন্দ্রীয় বার্তা সংস্থা আগারগাঁও, ঢাকা;

৬। সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, বাফুফে ভবন, মতিঝিল সি/এ, ঢাকা-১০০০;

৭। স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, আগারগাঁও, ঢাকা/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা;


৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

৯। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);

১০। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা। (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);

১১। উপমহাপরিচালক অনুষ্ঠান, এর একান্ত সহকারী বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (উপমহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং

১২। নথি।



২৪-০৩-২০২৪
এস এম আবুল হোসেন
পরিচালক (অনুষ্ঠান)